**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayat Election:**

রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে সরব প্রচার আজ বিকেল চারটায় শেষ হবে। আগামী ৮ তারিখে ভোট গ্রহণ করা হবে। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী সহ প্রায় ১০ হাজার নিরাপত্তা কর্মী মোতায়েন করা হচ্ছে। সারা রাজ্যে মোট ভোট কেন্দ্রের সংখ্যা দুই হাজার ২১৯টি। এর মধ্যে স্বাভাবিক ভোটকেন্দ্র ৯৫০, স্পর্শকাতর এক হাজার একশ ৪৬ এবং অতি স্পর্শ কাতর ১২৩টি। কেন্দ্রীয় বাহিনীকে স্পর্শকাতর এলাকা গুলিতে এবং আইনশৃঙ্খলা রক্ষা করার দায়িত্বে মোতায়েন করা হবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে।

***************

**Election Campaign-South Tripura:**

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে বাম প্রার্থীদের সমর্থনে গতকাল ভারতচন্দ্র নগর ব্লকের বনকর উত্তর পাড়ে আয়োজিত নির্বাচনী সভায় বক্তব্য রাখেন রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর, বিধায়ক দীপংকর সেন ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ। এছাড়াও মনুরমুখ, জিরতলি, মাইছড়া, গ্যারেজ টিলা, ভারতচন্দ্র নগর স্কুল গেইট এলাকায়ও গতকাল দিনভর সভা করে সিপিআইএম নেতা -কর্মীরা ।

***************

**Bangladeshi:**

বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন বলেছেন, সংসদ ভেঙে দিয়ে অন্তর্বর্তী সরকার গঠন করা হবে। তিন বাহিনীর প্রধানের উপস্থিতিতে ঢাকায় বঙ্গভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, বিরাজমান নৈরাজ্যকর পরিস্থিতি স্বাভাবিক করতে সেনাবাহিনীও ব্যবস্থা নেবে। বৈঠকে বেশ কয়েকটি মামলায় দণ্ডিত গৃহবন্দী বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন ও প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত হয়। সাম্প্রতিক বিক্ষোভে গ্রেফতারকৃত সকল শিক্ষার্থীদের মুক্তির নির্দেশও দিয়েছেন রাষ্ট্রপতি। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে গতকাল একটি সামরিক বিমানে দেশ ত্যাগ করেছেন। জানা গেছে সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান খুব শীঘ্রই ছাত্র এবং শিক্ষকদের প্রতিনিধিদের সাথে দেখা করবেন। জেনারেল জামান জানিয়েছেন, আজ থেকে সব সরকারি ও আধা-সরকারি অফিস, বেসরকারি অফিস, কলকারখানা এবং স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলবে।

***************

**PM on security:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে গতকাল নতুনদিল্লিতে নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশের পরিস্থিতি পর্যালোচনা করা হয়। বৈঠকে বিদেশমন্ত্রী

ডঃ এস জয়শঙ্কর, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন প্রমুখ উপস্থিত ছিলেন।

***************

**HEALTH Workshop:**

রাজ্যের স্বাস্থ্যকেন্দ্রগুলিকে পরিবেশ বান্ধব ও পরিষ্কার পরিচ্ছন্ন করে গড়ে তুলতে জেলা ও তৃণমূলস্তরের স্বাস্থ্যকেন্দ্রগুলির চিকিৎসকদের নিয়ে গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। রাজ্যস্তরের প্রশিক্ষকদের নিয়ে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে বলেন, কায়াকল্পে সংশোধিত নির্দেশিকা-২০২৪ ও ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির জাতীয় গুণমান নিশ্চিতকরণ মানদন্ডের, NQAS উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। স্বাস্থ্যকেন্দ্রগুলির গুণগতমান বজায় রাখার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। উল্লেখ্য, ২০১৫ সালে ভারত সরকার 'কায়াকল্প' চালু করেছে। রাজ্যে পরিবেশ বান্ধব স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য গতকাল ধলাই, দক্ষিণ, পশ্চিম ও গোমতী জেলাকে কায়াকল্প ও পরিবেশ বান্ধব পুরস্কার দেওয়া হয়।

***************

**Seminar on GST:**

প্রানী সম্পদ বিকাশ দপ্তর এবং আগরতলার বিবিএম কলেজের যৌথ উদ্যোগে গতকাল বিবিএম কলেজে দুদিনের পন্য ও পরিষেবা কর বিষয়ে কর্মশালা শুরু হয়েছে।

গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা বলেন, ভারতের অর্থনীতির

উন্নতি হচ্ছে। বিদেশী বড় বড় ব্যবসায়ীরা এখন ভারতে আসছেন এবং বিনিয়োগে আগ্রহ প্রকাশ করছেন।

***************

**PM Electronic export:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতের বৈদ্যুতিন সামগ্রী রপ্তানি, দেশের শীর্ষ তিনটি রপ্তানির মধ্যে থাকায় আনন্দ প্রকাশ করেছেন । বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সামাজিক মাধ্যমের বার্তার উদ্‌ধৃতি দিয়ে, শ্রী মোদি বলেন, বৈদ্যুতিন ক্ষেত্রে ভারতের দক্ষতা দেশের উদ্ভাবনী যুবশক্তি দ্বারা চালিত। তিনি বলেন, ভারত ভবিষ্যতে এই গতি অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

***************

**Commemorative Stamps:**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এবং যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল যৌথভাবে নতুন দিল্লিতে ৩৩তম প্যারিস অলিম্পিক ২০২৪ উদযাপনকারী স্মারক ডাকটিকিট প্রকাশ করেছেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ড. মান্ডাভিয়া বলেন, এই ডাকটিকিট প্রকাশ ক্রীড়ার প্রতি ভারতের প্রতিশ্রুতি, জাতীয় গর্ব এবং ক্রীড়াবিদদের উৎসাহের প্রতীক । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে তৃণমূল স্তর থেকে খেলাধুলোর প্রচারের উদ্যোগের প্রশংসা করে, ডাঃ মান্ডবিয়া Khelo India Rising Talent Identification বা KIRTI এবং Target Olympic Podium Scheme বা TPOS কর্মসূচীর উল্লেখ করেন।

***************

**Smart City:**

মুখ্যসচিব জে কে সিনহা গতকাল ইন্দ্রনগরে আইটি ভবনে আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের নিজস্ব ডাটা সেন্টারের উদ্বোধন করেন। মোট ৩০ কোটি ৭২ লক্ষ টাকা ব্যয়ে এই ডাটা সেন্টার নির্মাণ করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের কার্যনির্বাহী আধিকারিক ডা. শৈলেশ কুমার যাদব প্রমুখ।

সারা দেশের সবগুলি স্মার্ট সিটির মধ্যে সর্বপ্রথম আগরতলা স্মার্ট সিটি লিমিটেডেরই নিজস্ব ডাটা সেন্টার নির্মাণ করা হয়েছে।

***************

**Olympic Games:**

প্যারিস অলিম্পিকের দ্বাদশ দিনে ভারতীয় হকি দল সেমিফাইন্যালে আজ জার্মানির মুখোমুখি হবে। এছাড়া পুরুষদের জেভলিন থ্রো'তে টোকিও অলিম্পিকে স্বর্ণ পদক জয়ী নীরজ চোপড়া ও কিশোর জেনা যোগ্যতা অর্জনের লড়াইয়ে নামবেন। টেবিল টেনিসের মহিলাদের দলগত লড়াইয়ে ভারতীয় দল ৩-২ সেটে রোমানিয়াকে হারিয়ে কোয়ার্টার ফাইন্যালে উঠেছে।

***************

***************